গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.১১.০১১.২৩-**৫৫০** তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩২ / ১৭ নভেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার সরকার বিভাগের ০৯ সেপ্টেম্বর তারিখের ৪৬.০০.০০০০.১০৭.১১.০১০.২৩-২৬১ নম্বর স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী রাজস্ব খাতভুক্ত ঢাকা মশক নিবারণী দপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা এবং বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dmco.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রমিক নং | পদ নাম, বেতনস্কেল ও গ্রেড (বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হতে হবে; |
| ০৩ | কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হতে হবে; |
| ০৪ | অফিস সহায়ক<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট | ০৫ (পাঁচ)টি | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীর বয়স **২০/১১/২০২৫ তারিখে** ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। ০২ ও ০৩ ক্রমিকে বর্ণিত পদে আবেদনের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন।

২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ নম্বর ক্রমিকের উল্লিখিত শূন্য পদ পূরণে "ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯২" অনুসরণ করা হবে। ০২, ০৩ এবং ০৪ নম্বর ক্রমিকে উল্লিখিত শূন্য পদ পূরণে "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোনো সুযোগ থাকবে না।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। চাকরির জন্য আবেদন আগামী **২০/১১/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ১৯/১২/২০২৫** তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৭। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

খ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের কপি;

গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড-এ সরকার কর্তৃক মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ছ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

জ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি;

ঞ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে;

৮। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদসংক্রান্ত বিধি-বিধানে কোনোরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও ঢাকা মশক নিবারণী দপ্তরের ওয়েবসাইটে (www.dmco.gov.bd) এবং http://dmco.teletalk.com.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়সূচি এবং ফলাফল ঢাকা মশক নিবারণী দপ্তরের ওয়েবসাইটে (www.dmco.gov.bd) প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমেও জানানো হবে।

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৬। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে কোনো পর্ব বা অনুচ্ছেদ সংযোজন/সংশোধন/পরিবর্তন পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৮। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dmco.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও **আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০/১১/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।**

4

(ii) Online-এ আবেদনপত্র **জমাদানের শেষ তারিখ ও সময়: ১৯/১২/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস -এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ০১, ০২ ও ০৩ নম্বর ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ০৪ নম্বর ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপান্ন) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম SMS**: DMCO <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example DMCO ABCDEF & Send to 16222.

Reply: Applicant's Name. Tk. 112/56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DMCO <space> Yes <space> PIN and send to 16222

**দ্বিতীয় SMS**: DMCO <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example DMCO YES 12345678

Reply: Congratulations: Applicant's Name, payment completed successfully for DMCO Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmco.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DMCO <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DMCO Help User ABCDEF

ii) PIN Number জানা থাকলে: DMCO <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222
Example: DMCO Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ঢাকা মশক নিবারণী দপ্তরের ওয়েবসাইট www.dmco.gov.bd এ (বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য) দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dmco.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dmco@lgd.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject-এ Organization Name: DMCO, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৭।১১।২০২৫

জিয়াউর রহমান
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অ. দা.)
ঢাকা মশক নিবারণী দপ্তর
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।